



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : [banglaacademy.pr@gmail.com](mailto:banglaacademy.pr@gmail.com), [bacademy1955@yahoo.com](mailto:bacademy1955@yahoo.com)

ওয়েব সাইট : [www.banglaacademy.gov.bd](http://www.banglaacademy.gov.bd)

তারিখ : ২৭.০৩.২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি



## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষ্যে দোয়া ও একক বক্তৃতানুষ্ঠান

আজ ১৩ই চৈত্র ১৪৩০/২৭শে মার্চ ২০২৪ বুধবার সকাল ১১:০০টায় বাংলা একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষ্যে দোয়া মাহফিল ও একক বক্তৃতানুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সূচনা বক্তব্য প্রদান করেন বাংলা একাডেমির সচিব মোহাঃ নায়েব আলী। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন শীর্ষক একক বক্তৃতা প্রদান করেন বাংলা একাডেমির ফেলো ও মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি, বিশিষ্ট প্রাবন্ধিক মফিদুল হক। সভাপতিত্ব করেন বাংলা একাডেমির সভাপতি কথাসাহিত্যিক সেলিনা হোসেন।

অনুষ্ঠানের শুরুতে মহান মুক্তিযুদ্ধের শহিদ স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন মাওলানা মো. মাহফুজ।

মোহাঃ নায়েব আলী বলেন, স্বাধীনতা আমাদের সুদীর্ঘ আকাঙ্ক্ষা ও সংগ্রামের ফসল। ঐতিহাসিক নানা পথপরিক্রমায় বঙ্গবন্ধুর যোগ্য নেতৃত্বে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে বিজয় অর্জনের মধ্য দিয়ে বিশ্বের বুকে বাংলাদেশ আজ এক স্বাধীন-সার্বভৌম রাষ্ট্রের নাম।

মফিদুল হক বলেন, বাঙালির স্বাধীনতা শুধু নির্দিষ্ট একটি বছরের বিষয় নয়। ঐতিহাসিক নানা কালপর্ব পেরিয়ে শিক্ষা অধিকারের সংগ্রাম, স্বায়ত্তশাসনের সংগ্রাম, ভাষা-সাহিত্য-সংস্কৃতি অর্থাৎ আত্মপরিচয় প্রতিষ্ঠার সংগ্রামের মিলিত শ্রোতধারায় বঙ্গবন্ধু আমাদের উপহার দিয়েছেন স্বাধীনতা। তিনি বলেন, মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও চেতনা প্রতিষ্ঠার লড়াইয়ে কেন্দ্রভাগে থাকা প্রয়োজন দেশের প্রান্তিক মানুষের জীবন মানোন্নয়ন। স্বাধীনতার অর্ধশতক পেরিয়ে আমাদের ফিরে তাকাতে হবে, নিজেদের অপূর্ণতাগুলো দূর করে বাংলাদেশকে মহান মুক্তিযুদ্ধের শহিদদের স্বপ্ন অনুযায়ী গড়ে তুলতে হবে।

কথাসাহিত্যিক সেলিনা হোসেন বলেন, স্বাধীনতার জন্য বাঙালি জাতি যুগের পর যুগ লড়াই করেছে, ত্যাগ স্বীকার করেছে এবং দীর্ঘ ধারাবাহিকতায় ১৯৭১ সালের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে চূড়ান্ত বিজয় অর্জন করেছে। স্বাধীনতার মূল্যবোধ ও সুফল দেশের সব নাগরিকের কাছে পৌঁছে দিতে সবাইকে দৃঢ়সংকল্প হতে হবে।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা একাডেমির উপপরিচালক ড. সাহেদ মন্তাজ।

সমীর কুমার সরকার

পরিচালক

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ